দৈনিক ইনকিলাব

[illegible] 30 2002

তারিখ ... পৃঃ ... ৪ কলাম ... ৩

# শিক্ষা ক্যাডারে দ্রুত নিয়োগ দিন

সরকারী কলেজসমূহে শিক্ষক সংকট দীর্ঘদিন যাবৎ বিরাজ করছে। তদুপরি দীর্ঘ পাঁচ বছর প্রমোশন বন্ধ থাকার পর সম্প্রতি ব্যাপক প্রমোশনের ফলে প্রায় তিন হাজার প্রভাষকের পদ শূন্য হওয়ায় কলেজসমূহে শিক্ষক সংকট চরম আকার ধারণ করেছে। ফলে অধিকাংশ সরকারী কলেজে শিক্ষাদান মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। বিশেষ করে উপজেলা পর্যায় এবং উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী কলেজসমূহে অধিকাংশ পোস্টই প্রভাষক হওয়ায় এবং সহকারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপকের পদ সৃষ্টি না হওয়ায় ওই সমস্ত কলেজে বর্তমানে ২০/২৫ জন শিক্ষকের বিপরীতে ৭/৮ জন শিক্ষক রয়েছেন। জরুরী ভিত্তিতে শিক্ষক নিয়োগ না করা হলে এক বছরের মধ্যে উপজেলা পর্যায়ের ৬০ ভাগ কলেজ বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হবে। এমনকি চলতি বছর ওই সমস্ত সরকারী কলেজে ছাত্র ভর্তিও অনেক কম হবে। তাছাড়া বিগত বছরগুলোতে ব্যাপকহারে অনার্স ও মাস্টার্স কোর্স চালু করা হলেও নতুন পদ সৃষ্টি না করা, ২০০৩ সালের মধ্যে উল্লেখযোগ্য শিক্ষকের অবসর গ্রহণ, চার বছরের অনার্স ও তিন বছরের ডিগ্রী পাস কোর্স চালু করার ফলে সরকারী কলেজের শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়বে।

অতএব, সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে বিনীত আবেদন এই যে, সরকারী কলেজের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে জারুরী ভিত্তিতে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির দাবী অনুযায়ী পাঁচ হাজার নতুন পদ সৃষ্টি, স্থগিত ২২ তম বিসিএস পরীক্ষায় শিক্ষকের পদ সংখ্যা বৃদ্ধি ও স্বল্প সময়ে বিশেষ বিসিএস পরীক্ষা নিয়ে শিক্ষা ক্যাডারে দ্রুত নিয়োগ দিন।

নাসরিন ওয়াজেদ,
উত্তর মুগদা, ঢাকা ১২১৪।